বনী আদম আমাকে মিথ্যারোপ করেছে; অথচ এরূপ করা তার পক্ষে বৈধ নয়। আর সে আমাকে গালমন্দ করেছে; অথচ এরূপ করাও তার পক্ষে বৈধ নয়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আল্লাহ তা‘আলা বলেছেন: বনী আদম আমাকে মিথ্যারোপ করেছে; অথচ এরূপ করা তার পক্ষে বৈধ নয়। আর সে আমাকে গালমন্দ করেছে; অথচ এরূপ করাও তার পক্ষে বৈধ নয়। আমাকে তার মিথ্যারোপ করার একটি রূপ হচ্ছে, যেমন সে বলে: আমাকে পুনরায় উত্থিত করা হবে না, যেমন আমাকে প্রথমবার সৃষ্টি করা হয়েছে। অথচ দ্বিতীয়বার উত্থিত করা থেকে প্রথমবার সৃষ্টি করা বেশি কঠিন। আর আমাকে তার গালমন্দ হচ্ছে, যেমন তার কথা: আল্লাহ সন্তান গ্রহণ
করেছেন; অথচ আমি এক ও অমুখাপেক্ষী, আমি সন্তান জন্ম দিই না এবং আমাকেও জন্ম দেওয়া হয়
নি, আর আমার সমকক্ষ কেউ নেই।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম হাদীসে কুদসীতে আল্লাহ তাআলার বাণী বর্ণনা করেছেন, মুশরিক ও কাফিররা আল্লাহকে মিথ্যাআরোপ করে, তাঁকে ত্রুটিযুক্ত করে বর্ণনা করে এবং তাঁকে দোষারোপ করে, যা তাদের জন্য শোভনীয় নয়। তাদের আল্লাহকে মিথ্যাআরোপ করা হলো: তাদের এ দাবি করা যে, আল্লাহ তাদেরকে মৃত্যুর পরে পুনরায় সৃষ্টি করবেন না, যেমন তিনি তাদেরকে প্রথমবার সৃষ্টি করেছিলেন। আল্লাহ তাদের এই দাবির জবাব দিয়েছেন যে, যিনি সৃষ্টিকে শূন্য থেকে সৃষ্টি করেছেন, তিনি তাদের পুনরায় সৃষ্টি করতে সক্ষম; বরং এটি তাঁর জন্য আরও সহজ। যদিও আল্লাহর জন্য সৃষ্টি ও পুনরুত্থান উভয়ই সমান, কারণ আল্লাহ সবকিছু করতে সক্ষম। তাদের গালি দেওয়া হলো: তারা বলে যে, আল্লাহর সন্তান আছে। আল্লাহ তাদের এই দাবির জবাব দিয়েছেন যে, তিনি তাঁর নাম, গুণাবলী ও কাজে সব ধরনের পরিপূর্ণতাসহ একক সত্তা। তিনি সব ধরনের ত্রুটি ও দোষ থেকে পবিত্র। তিনি আস-সামাদ (যার কোন প্রয়োজন নেই এবং সবাই তাঁর মুখাপেক্ষী)। তিনি কারো পিতা নন, কারো সন্তান নন এবং তাঁর কোনো সমকক্ষ বা সদৃশ নেই। তিনি পূত-পবিত্র ও সর্বোচ্চ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6327